

**সেকায়েপ প্রকল্পে
দরিদ্র ছাত্রছাত্রীর
উপবৃত্তির আবেদন
সংগ্রহ চলছে**

নিম্নে বার্তা পরিবেশক

শিক্ষা মন্ত্রণালয়স্বতন্ত্র সেক্রেটারি
আয়ুকেশন কোয়ালিটি আন্ড
আবকমেন্ট এনহ্যান্সমেন্ট প্রকল্প
(সেকায়েপ) দেশের ৬১টি জেলার
১২৫টি উপজেলায় ২০১৪ সালে ৬ষ্ঠ
শ্রেণীতে ওঠা দরিদ্র ছাত্রছাত্রীদের
উপবৃত্তি ও বেতন সুবিধা প্রদানের
লাগত আবেদন সংগ্রহ চলছে।
বর্তমানে ৫ম শ্রেণীতে অধ্যয়নরত
ছাত্রছাত্রীদের কাছ থেকে গত ২৭
আগস্টের থেকে ১০ নভেম্বর পর্যন্ত
সংশ্লিষ্ট ইউনিয়নে স্থাপিত পিএমটি
(প্রসি মিনস টেন্ডিং) বুথে আবেদন
সংগ্রহ করা হবে। নির্বাচিত শিক্ষার্থীরা
২০১৪ সালে ৬ষ্ঠ শ্রেণীতে প্রদত্ত
উপবৃত্তি ও বেতন সুবিধা পাবে।
সংশ্লিষ্ট সব প্রকল্পে : পৃষ্ঠা : ২ ক : ৫

প্রকল্পে দরিদ্র

(১৬ পৃষ্ঠার পর)

ছাত্রছাত্রীদের নিম্ন নিম্ন ইউনিয়ন বুথে
যোগাযোগ করতে বলা হচ্ছে।
গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক
সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো
হয়।
আর্থিক অভাব অনটনের কারণে যেসব
পরিবারের সন্তানদের সেবা পড়ার
বাস্তবতা বহন করা সম্ভব হয় না তারা
বর্তমানে ৫ম শ্রেণীতে পড়া ছাত্রছাত্রীরা
আবেদন করতে পারবে। তাছাড়া ৬ষ্ঠ
১০ম শ্রেণীতে সেবা পড়া করছিল অথচ
গত ২ বছর ধরে অনিচ্ছ না এখন
করে পড়া দরিদ্র শিক্ষার্থীরা আবেদন
করতে পারবে। উপকৃতি ও প্রতিবন্ধী
ছাত্রছাত্রীরা পিএমটি বুথে গিয়ে
আবেদন করলে উপবৃত্তি ও বেতন
সুবিধার জন্য সরাসরি নির্বাচিত হবে।
সেকায়েপ প্রকল্পের আওতায় ২০০৯
থেকে ২০১২ পর্যন্ত মোট ৩০ লাখ ৭৫
হাজার ৩২৫ জন দরিদ্র ছাত্রছাত্রীদের
উপবৃত্তি বাবদ মোট ৫৪৭ কোটি ১৩
লাখ ৪২ হাজার টাকা প্রদান করা
হয়েছে। এর মধ্যে ৫৭ লাখ মেয়ে
শিক্ষার্থী। তাছাড়া ৩৮ লাখ ৪০ হাজার
৮৬২ জন দরিদ্র শিক্ষার্থীকে টিউশন
ফি বাবদ ৭৫ কোটি ৫৪ লাখ ৪৫
হাজার টাকা প্রদান করেছে।
সেকায়েপ প্রকল্পে মেয়াদ ২০১৪
সালের ফেব্রুয়ারি শেষ হবে। তবে
বিদ্যাব্যাপক প্রকল্পের মেয়াদ ২০১৭
সালের ডিসেম্বর পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব
করেছে। সে অনুযায়ী প্রক্রিয়া চলছে।